রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ১৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৪, ২০১৯

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৮৭—১৯৪ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৩৫—৩৪৬ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৭—৯৮ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২১৩১—২২০৬ | (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### প্রধানমন্ত্রীর কার্যালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২৫/২৬ ফেব্রুয়ারি ২০১৯

নং ০৩.১৪.২৬৯০.০৭৬.৪৫.০০৫.১৯-৪৮—জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ (৪৫/২০১৮) এর ৮(১) ধারা অনুযায়ী নিম্নরূপভাবে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের গভর্নিং বোর্ড গঠন করা হলো :

**চেয়ারপার্সন**

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ভাইস চেয়ারম্যান**

০২. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

০৩. মাননীয় মন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়

০৪. মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

০৫. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

০৬. মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

০৭. মাননীয় মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

০৮. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

০৯. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

১০. মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রী কার্যালয়

১১. সচিব, প্রধানমন্ত্রী কার্যালয়

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

১২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

১৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

১৫. সচিব, শিল্প মন্ত্রণালয়

১৬. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

১৭. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৮. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১৯. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়

২০. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২২. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

২৩. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়।

২৪. সচিব, কৃষি মন্ত্রণালয়

২৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ।

২৬. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ।

২৭. ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর একজন প্রতিনিধি।

২৮. শিল্প দক্ষতা পরিষদ হইতে সরকার কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি।

২৯. মানবসম্পদ ও দক্ষতা উন্নয়নে বিশেষ অবদান রেখেছেন সরকার কর্তৃক মনোনীত এইরূপ একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

৩০. নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়।

০২। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ৮(২) ধারা অনুযায়ী গভর্নিং বোর্ড, প্রয়োজনে, যে কোন ব্যক্তিকে গভর্নিং বোর্ডের সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারিবে বা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

০৩। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ৯ ধারা অনুসারে এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের গভর্নিং বোর্ডের কার্যাবলি নিম্নরূপ হইবে :

১। (ক) জাতীয় দক্ষতা উন্নয়ন সংক্রান্ত নীতি ও কৌশলপত্র অনুমোদন;

(খ) জাতীয় দক্ষতা উন্নয়ন সংক্রান্ত স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা অনুমোদন;

(গ) কর্তৃপক্ষ এবং কার্যনির্বাহী কমিটির সামগ্রিক কর্মকাণ্ড পর্যালোচনা এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান; এবং

(ঘ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে যে কোনো সিদ্ধান্ত গ্রহণ।

০৪। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ১০ ধারার বিধান মোতাবেক জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের গভর্নিং বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে।

**নং ০৩.১৪.২৬৯০.০৭৬.৪৫.০০৫.১৯-৪৯**—জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ (৪৫/২০১৮) এর ১১(১) ধারা অনুযায়ী নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কার্যনির্বাহী কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

**সদস্যবৃন্দ**

০২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

০৪. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

০৫. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

০৬. মহাপরিচালক, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র।

০৭. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর

০৮. মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর

০৯. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

১০. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

১১. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় মানব সম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ)।

১২. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন একজন যুগ্মসচিব।

১৩. শিল্প দক্ষতা পরিষদ হতে নির্বাচিত ০২ (দুই) জন প্রতিনিধি।

১৪. বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি।

১৫. ন্যাশনাল কো-অর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কার্স এডুকেশন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

১৬. নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

(২) সরকার, আদেশ দ্বারা, কার্যনির্বাহী কমিটির বেসরকারি সদস্যদের মধ্য থেকে একজনকে সহ-সভাপতি নির্ধারণ করিবে;

(৩) কার্যনির্বাহী কমিটি প্রয়োজনে, যে কোনো ব্যক্তিকে কার্যনির্বাহী কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে বা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

০২। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ১২ ধারা অনুসারে এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কার্যনির্বাহী কমিটি নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবে:

১। (ক) কর্তৃপক্ষের উপর অর্পিত দায়িত্ব বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয় বা সংস্থার মধ্যে বিষয়ভিত্তিক বা সামগ্রিক সমন্বয় সাধন;

(খ) সংশ্লিষ্টতা অনুযায়ী প্রয়োজনে বিভিন্ন প্রতিষ্ঠানের দায়িত্ব নির্ধারণ;

(গ) কর্তৃপক্ষ তার দায়িত্ব পালনের ক্ষেত্রে কোনো জটিলতার সম্মুখীন হইলে এর সমন্বয় সাধন ও সমাধান নিশ্চিতকরণ;

(ঘ) মানব সম্পদ উন্নয়নের উদ্দেশ্যে গঠিত জাতীয় মানব সম্পদ উন্নয়ন তহবিলকে নির্দেশনা ও পরামর্শ প্রদান।

২। কার্যনির্বাহী কমিটি যে কোন সময় কর্তৃপক্ষ সম্পাদিত বা সম্পাদিতব্য যে কোন কার্য সম্পর্কে প্রতিবেদন চাহিতে পারিবে।

৩। কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন যে কোনো কর্মসূচীর বিষয়ে সময় সময় নির্দেশনা প্রদান করিতে পারিবে।

০৩। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ১৩ ধারায় বর্ণিত পদ্ধতিতে নির্বাহী কমিটির সভা আহ্বান ও পরিচালিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশারফ হোসেন**
পরিচালক-৯।

---

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ ফাল্গুন ১৪২৫/২৮ ফেব্রুয়ারি ২০১৯

**নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০২২.১৭-১০০**—নির্বাচন কমিশন সচিবালয়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণির সকল শূণ্য পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগ/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের জন্য আদিষ্ট হয়ে নিম্নরূপে বিভাগীয় নির্বাচন কমিটি পুনর্গঠন করা হল:

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

(৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)।

(৪) অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)।

(৫) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৬) উপ-সচিব (জনবল ব্যবস্থাপনা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

২। কমিটি নিম্নেবর্ণিত বিষয়ে বিবেচনা ও সুপারিশ করবে।

(১) জাতীয় বেতন স্কেলের রাজস্ব বাজেটভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণির সকল শূন্য পদে সরাসরি/পদোন্নতি প্রদানের মাধ্যমে নিয়োগের জন্য সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুযায়ী প্রার্থী/পদোন্নতিযোগ্য ফিডার পদধারী বাছাই এবং সুপারিশ প্রদান;

(২) তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইমস্কেল প্রদানের সুপারিশ।

৩। নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত ৩০ সেপ্টেম্বর ২০১৩ তারিখের ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৬.০৬.৪৪২ (১) নং প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হল।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ লুৎফুল কবীর সরকার**
সহকারী সচিব (সংস্থাপন-১)।

---

**আদেশ**

তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০১৯

**নং ১৭.০০.০০০০.০১৫.২৭.১৭৩.১৮-১২৩**—নির্বাচন কমিশন সচিবালয়ের ১০ জানুয়ারি, ২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০১৫.৫৫.২৭৫.০৫-২৮ নং স্মারকে জনাব মোহাম্মদ সাইফুল আলম, নির্বাচন কর্মকর্তা, জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, খাগড়াছড়ি এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০১/২০১৮ এর অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। উক্ত সময়ে তিনি অসুস্থ ছিলেন মর্মে ব্যক্তিগত শুনানীতে উল্লেখ করেন। অসুস্থ অবস্থায় যদিও কোন অপরাধ করেন তার জন্য তিনি ক্ষমা প্রার্থনা করায় আনীত অভিযোগের প্রেক্ষিতে বিবেচনায় সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় যে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) অসদাচরণ (আ) কর্তব্যে অবহেলা প্রদর্শন করেছেন বিধায় তাকে উক্ত বিধিমালার ৪ এর ২(খ) বিধি মোতাবেক "আদেশের তারিখ হতে পরবর্তী ৫ (পাঁচ) বছরের জন্য পদোন্নতি স্থগিত" করা হলো এবং মামলাটি নিস্পত্তি করা হলো।

০২। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) বিধি অনুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করা হয়। তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো এবং সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে।

০৩। বিধি অনুযায়ী তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে গৃহীত খোরাকীভাতা ব্যতীত প্রযোজ্য অন্যান্য বেতন-ভাতাদি বকেয়া হিসেবে প্রাপ্য হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেলালুদ্দীন আহমদ**
সচিব।

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ**
**পরিবীক্ষণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ০৭.০০.০০০০.০৯৭.০০.০০৭.২০১৬-১১**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) শীর্ষক প্রকল্পের অনুকূলে উন্মুক্ত পদ্ধতিতে "দরপত্র/প্রস্তাব মূল্যায়নের লক্ষ্যে পূর্বে গঠিত কমিটির স্থলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮" অনুযায়ী নিম্নরূপে একটি সংশোধিত দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি (TEC/PEC) নির্দেশক্রমে গঠন করা হলো :

**চেয়ারপার্সন**

০১ উপ-নির্বাহী প্রকল্প পরিচালক (ফান্ড ম্যানেজমেন্ট), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবাসী কল্যান ভবন (১৬ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

**সদস্যবৃন্দ**

০২ সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (প্রাইভেট-১), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবাসী কল্যান ভবন (১৬ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

০৩ সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (পাবলিক-২), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবাসী কল্যান ভবন (১৬ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

০৪ ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর একজন মনোনীত কর্মকর্তা।

০৫ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর সিনিয়র সহকারী প্রধান পর্যায়ের একজন মনোনীত কর্মকর্তা।

০৬ উপসচিব, পরিবীক্ষণ-১ অধিশাখা, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

০৭ সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (এফএম-৩) SEIP প্রকল্প, অর্থ বিভাগ, প্রবাসী কল্যান ভবন (১৬ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

২। মূল্যায়ন কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট আইন, বিধিমালা এবং আবেদনপত্র, দরপত্র বা প্রস্তাব দলিলের বিধান ও শর্তাদি অনুসরণক্রমে :—

(ক) আবেদনপত্র, দরপত্র আগ্রহ ব্যক্তকরণ পত্র বা প্রস্তাব পরীক্ষা ও মূল্যায়ন করবেন;

(খ) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

**মোহাম্মদ ফিজনূর রহমান**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ : ১২ ফাল্গুন ১৪২৫ বঃ/২৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

**নং আর-৬/৭এন-১২/২০১৯-১০৭**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব আসমা খাতুন, পিতা-মোঃ ইসহাক হাওলাদার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৩ ফাল্গুন ১৪২৫ বঃ/২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

**নং আর-৬/৭এন-০৫/২০১৯-১১২**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ বাবুল হোসেন, পিতা-মরহুম কেরামত আলী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-০২/২০১৯-১১৩**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সফিকুর রহমান ভূঁঞা, পিতা-মরহুম মোহাম্মদ শাহ আলম ভূঁঞা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত: তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-০৭/২০১৯-১১৪**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মনির হোসেন, পিতা-আবুল কালাম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত: তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-০১/২০১৯-১১৫**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ আব্দুল হান্নান খন্দকার, পিতা-মরহুম জনাব মোহাম্মদ আব্দুল রাজ্জাক খন্দকার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত: তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/০৪ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ১০.০০.০০০০.১২৫.১৩.০০৩.১৭.১৮৯**—যেহেতু নড়াইলের সাবেক মুন্সেফ জনাব জ্ঞানেন্দ্র নাথ বাড়ৈই এর অস্থায়ী নিয়োগাদেশ অত্র মন্ত্রণালয়ের বিগত ১২-০৪-১৯৭৮ খ্রিঃ তারিখের আদেশমূলে বাতিল করা হয় এবং উক্ত বাতিল আদেশ বিগত ৩০-০৪-১৯৭৮ খ্রিঃ তারিখ অপরাহ্ণ হতে কার্যকর হয়;

যেহেতু, জনাব জ্ঞানেন্দ্র নাথ বাড়ৈই উক্ত নিয়োগাদেশ বাতিলের বিরুদ্ধে নড়াইল সদর সিনিয়র সহকারী জজ আদালতে দেওয়ানী মোকদ্দমা নং ৪৫৫/১৯৭৮ দায়ের করেন এবং উক্ত আদালতের বিগত ২৭-০৫-১৯৯৬ খ্রিঃ তারিখের রায় ও আদেশে বাদী জনাব জ্ঞানেন্দ্র নাথ বাড়ৈই এর বিরুদ্ধে অত্র মন্ত্রণালয়ের বিগত ১২-০৪-১৯৭৮ খ্রিঃ তারিখের নিয়োগাদেশ বাতিলের আদেশকে অবৈধ, বেআইনী, অকার্যকর এবং বাদীর উপর বাধ্যকর নয় মর্মে ঘোষণা করত: তিনি যথারীতি চাকরিতে বহাল আছেন উল্লেখে তাঁকে আইন অনুযায়ী প্রাপ্য বকেয়া বেতন ও চাকরির যাবতীয় সুযোগ সুবিধা প্রদানসহ তাঁর পদে পুনর্বহালের নির্দেশ প্রদান করে রায় ও ডিক্রি প্রদান করে;

যেহেতু, সরকার নড়াইল সদর সিনিয়র সহকারী জজ আদালতে দেওয়ানী মোকদ্দমা নং ৪৫৫/১৯৭৮ এর রায় ও ডিক্রির বিরুদ্ধে নড়াইলের ১ম সাব-জজ আদালতে স্বত্ব আপীল নং ৬৩/১৯৯৬ দায়ের করেন এবং উক্ত আপীল মোকদ্দমার বিগত ২২-০৬-১৯৯৯ খ্রিঃ তারিখের রায় ও আদেশে নড়াইল সদর সিনিয়র সহকারী জজ আদালতে দেওয়ানী মোকদ্দমা নং ৪৫৫/১৯৭৮ এর ২২-০৬-১৯৯৯ খ্রিঃ তারিখের প্রদত্ত রায় ও ডিক্রি বাতিল করা হয়;

যেহেতু, জনাব জ্ঞানেন্দ্র নাথ বাড়ৈই নড়াইলের ১ম সাব-জজ আদালতের স্বত্ব আপীল নং ৬৩/১৯৯৬ এর বিগত ২২-০৬-১৯৯৯ খ্রিঃ তারিখের রায় ও ডিক্রির বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে সিভিল রিভিশন নং ৩০৯৫/১৯৯৯ দায়ের করেন এবং উক্ত সিভিল রিভিশন মোকদ্দমার বিগত ০৮-০৮-২০১২ খ্রিঃ তারিখের রায় ও আদেশে নড়াইলের ১ম সাব-জজ আদালতে স্বত্ব আপীল নং ৬৩/১৯৯৬ এর বিগত ২২-০৬-১৯৯৯ খ্রিঃ তারিখের রায় ও ডিক্রি রদ ও রহিতক্রমে নড়াইল সদর সিনিয়র সহকারী জজ আদালতে দেওয়ানী মোকদ্দমা নং ৪৫৫/১৯৭৮ এর ২২-০৬-১৯৯৯ খ্রিঃ তারিখের প্রদত্ত রায় ও ডিক্রি বহাল রাখা হয়;

যেহেতু, হাইকোর্ট বিভাগের সিভিল রিভিশন নং ৩০৯৫/১৯৯৯ এর বিগত ০৮-০৮-২০১২ খ্রিঃ তারিখের রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ কর্তৃক দায়েরকৃত সিভিল পিটিশন পর লিভ টু আপীল নং ৯৪৭/২০১৪ আপিল বিভাগের বিগত ১৭-১১-২০১৬ খ্রিঃ তারিখের আদেশে খারিজ হয়;

যেহেতু, জনাব জ্ঞানেন্দ্র নাথ বাড়ৈই এর জন্ম তারিখ ১৫-০১-১৯৪৯ খ্রিঃ হওয়ায় ৫৭ বছর পূর্তিতে তাঁর অবসর গ্রহণের তারিখ ১৪-০১-২০০৬ খ্রিঃ ছিল যা ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে বিধায় বর্তমানে তাঁর চাকরিতে যোগদানের কোন সুযোগ নেই;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে হাইকোর্ট বিভাগের সিভিল রিভিশন নং ৩০৯৫/১৯৯৯ এর বিগত ০৮-০৮-২০১২ খ্রিঃ তারিখের রায়ের আলোকে নড়াইলের সাবেক মুন্সেফ জনাব জ্ঞানেন্দ্র নাথ বাড়ৈই বিগত ০১-০৫-১৯৭৮ খ্রিঃ হতে ১৪-০১-২০০৬ খ্রিঃ তারিখ পর্যন্ত চাকরিরত ছিলেন গণ্যকরত: তাঁকে উক্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদি এবং যাবতীয় আর্থিক সুবিধাদি প্রদান করা হলো।

জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

**[ একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত ]**

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রশাসন-২ অধিশাখা**

**আদেশ**

তারিখ : ২৪ মাঘ ১৪২৫/০৬ ফেব্রুয়ারি ২০১৯

**নং ২৮.০৫.০০০০.০১২.২৮.০০৮.১৬-৪৯**—জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র কর্মচারীদের অভিন্ন বেতন স্কেলের একই পদের পদনামের গড়মিল ও প্রশাসনিক জটিলতা এড়ানোর লক্ষ্যে অনুমোদিত নিয়োগ বিধিমালা, ২০১৫ অনুযায়ী নিম্নলিখিত ৩টি পদের পদনাম পরিবর্তনের মঞ্জুরী আদেশ জ্ঞাপন করা হলো :

| ক্রমিক নং | বর্তমান পদনাম | পরিবর্তিত পদনাম | গ্রেড ও বেতন স্কেল |
|---|---|---|---|
| ১. | স্টোর্স অফিসার (বগুড়ার জন্য) | স্টোর অফিসার | অভিন্ন |
| ২. | সহকারী স্টোর কিপার (সিনিয়র) | স্টোর কিপার | অভিন্ন |
| ৩. | ড্রাইভার গ্রেড-৩ | ড্রাইভার গ্রেড-২ | অভিন্ন |

২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯-০৫-২০১৮ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৫০.১৫.০০১.১৭-৬৪ মূলে এবং অর্থ বিভাগের ২৭-১১-২০১৮ তারিখের স্মারক নং-০৭.১৫৬.০১২.০৩.০১.০১.২০০৯-৫৯৮ মূলে সম্মতি প্রদান করা হয়েছে।

৩। মঞ্জুরীপত্র জারির পূর্বে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতি গ্রহণ করা হয়েছে।

**মোঃ আঃ খালেক মল্লিক**
উপসচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ ফাল্গুন ১৪২৫/২৪ ফেব্রুয়ারি ২০১৯

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৯৯.১৮/৫৭**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" হিসেবে ঘোষণা করা হলো :

| ক্র. নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা ও খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | নাম-ছোট সুন্দর মসজিদ<br>গ্রাম-ছোট সুন্দর<br>ইউনিয়ন-৫নং রামপুর<br>উপজেলা-চাঁদপুর সদর<br>জেলা-চাঁদপুর। | মৌজা-৭৫ নং ছোট সুন্দর<br>খতিয়ান-৩৭৭ | বি এস ৪৭১ | ০.০৭০০ | উত্তরে-পুকুর<br>দক্ষিণে-রাস্তা<br>পূর্বে-এরশাদ সর্দার<br>পশ্চিমে-মজিবুর রহমান গং | ১) মকবুল হোসেন<br>২) খোরশেদ হোসেন<br>৩) বছিরন নেছা<br>৪) ছাইদা বেগম<br>৫) জোহরা নাজনীন<br>৬) রোকেয়া তাছনিন<br>৭) সাজেদা শাহিন<br>৮) খালেদা ইয়াছমিন<br>৯) সাজেদা তাহমিন সর্ব পিতা-আমির হোসেন | অধিগ্রহণ সাপেক্ষে সম্মত | অফিসের রক্ষিত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য বি এস ৪৭১ দাগে ষোল আনায় ১২.৪৩ একর জমি বাড়ি শ্রেণি হিসেবে ৩২১, ৩২৩, ৩২৬, ৩৫৩, ৩৬৫, ৩৭৭, ৪০১, ৪২০, ৪৮২, ৫২৪, ৫৪৮ নং খতিয়ানে বিভিন্ন |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১০) আলী আকবর<br>পিতা- আঃ কাদির<br>১১) শামছুদ্দিন<br>১২) পরান খাতুন<br>১৩) মমতাজ খাতুন<br>১৪) মনিয়া খাতুন<br>১৫) মুকুল আক্তার<br>পিতা-আলী আকবর<br>১৬) হারুন রশিদ<br>১৭) শামীম আরা<br>১৮) ফেরদৌছ আরা<br>১৯) হাছিনা আক্তার সর্ব<br>পিতা-কোববাত আলী<br>সর্ব সাং-নিজ। | | ব্যক্তির নামে রেকর্ড লিপিবদ্ধ রয়েছে। তন্মধ্যে বি এস ৩৭৭ খতিয়ানের মকবুল হোসেন ও খোরশেদ হোসেন এর ওয়ারিশ কবির হোসেন গং এবং মারুফ হোসেন গং আপোস বন্টনে মসজিদের জন্য চিহ্নিত চৌহদ্দি বর্ণিত ০.০৭০০ একর জমিত ভোগ দখলে রয়েছে মর্মে তদন্তে জানা যায়। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসিম কুমার দে**
যুগ্মসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৬ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২০ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.৪৯.৩৩.১৬৩.১০(অংশ-১)-৮৬**––State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১. | করটিয়া | ২৮৬ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ২. | বারুরিয়া | ২৯ | গোপালপুর | টাঙ্গাইল |
| ৩. | বর্দ্ধনপাড়া | ১৪৮ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪. | হাটবাড়ী আলীপুর | ১২ | কালিহাতী | টাঙ্গাইল |
| ৫. | পাকুটিয়া | ২৫১ | কালিহাতী | টাঙ্গাইল |
| ৬. | সরিষা আটা | ২৩৭ | কালিহাতী | টাঙ্গাইল |
| ৭. | আকুয়া | ১০২ | কালিহাতী | টাঙ্গাইল |
| ৮. | খালুয়াবাড়ী | ২৪৭ | কালিহাতী | টাঙ্গাইল |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

**[ একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত ]**

**শিক্ষা মন্ত্রণালয়**

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**বেসরকারি কলেজ-৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ/০৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭০.০২.০০৪.২০১৮-০৪**—"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারি আত্তীকরণ বিধিমালা-২০১৮"-এর আলোকে নিম্নবর্ণিত জেলা ও উপজেলাধীন ০৩ (তিন) টি কলেজ ০২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হতে সরকারি করা হলো :

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | মহাবিদ্যালয়ের নাম |
|---|---|---|---|
| ১. | জয়পুরহাট | কালাই | কালাই মহিলা ডিগ্রি কলেজ |
| ২. | বগুড়া | শাজাহানপুর | কমরউদ্দিন ইসলামিয়া কলেজ |
| ৩. | ঠাকুরগাঁও | বালিয়াডাঙ্গী | শহীদ আকবর আলী বিজ্ঞান ও প্রযুক্তি মহাবিদ্যালয় |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু কায়সার খান**
উপ-সচিব।